

রক্তসংকট মোকাবিলায় ছোট্ট লালন

১২ই মে ২০২৪

নাট্যকর্মী বিভাস গুপ্ত ও সাংস্কৃতিক কর্মী পৌলবী সরকার গুপ্তর একমাত্র সন্তান লালনের জন্মদিন উপলক্ষে তীব্র গরমে চরম সংকটকালে শ্রীরামপুর শ্রমজীবী ব্লাড সেন্টারে বন্ধুদের সঙ্গে নিয়ে করলেন রক্তদান শিবির। প্রসঙ্গত এবছর লালনের পাঁচ বছরের জন্মদিন উপলক্ষে বড় করে আয়োজন করার ইচ্ছে ছিল বিভাস-পৌলবীর। কিন্তু সম্প্রতি হাইকোর্টের রায়ে শিক্ষিকার চাকরি হারান পৌলবী। ভেঙে পড়েন তিনি। যোগ্য হওয়া স্বত্বেও পড়তে হয় বিরম্বনায়। তাই বিপর্যস্ত দম্পতি স্থির করেন সামাজিক সংকটে দায়িত্ব নিয়ে পাশে দাঁড়াবেন মুমূর্ষু রুগীর। প্রসঙ্গত নির্বাচন বিধি ও গরমে তীব্রতর হয়েছে রক্ত সংকট।



কয়েকদিন আগে ব্যান্ডেলের বাসিন্দা বছর ৬৫র অচল ভট্টাচার্যের জরুরি অপারেশনের দিন ছিল। অপারেশনে জন্য প্রয়োজন ছিল অন্তত ১ ইউনিট ও পজেটিভ রক্ত। কিন্তু রক্ত যোগাড় করতে অসমর্থ হন বাড়ির লোক, ফলে বাতিল হয় অপারেশন। শুধু অচল বাবুই নন, বহু জরুরি অপারেশন যেমন আটকে যাচ্ছে

রক্তের অভাবে, তেমনই যাঁদের থ্যালাসেমিয়া, ক্যান্সার বা বিভিন্ন রোগের কারণে নিতে হয় নিয়মিত রক্ত বিপন্ন হচ্ছে তাঁদের জীবনও।

গত শুক্রবার থেকে শ্রীরামপুর শ্রমজীবী হাসপাতালের ব্লাড সেন্টারও ছিল রক্ত শূন্য।

শ্রমজীবী ব্লাড ব্যাঙ্কের পক্ষ থেকে জানানো হয়, নির্বাচন বিধি ও অতিরিক্ত গরমের কারণে শিবিরের সংখ্যা যেমন কমেছে তেমনই শিবির হলেও রক্তদাতার সংখ্যাও কম হচ্ছে। ফলে বারংবার রক্ত সংকট দেখা দিচ্ছে। আমাদের সেন্টারে কলকাতা মেডিকেল কলেজসহ নানা জায়গা থেকে রক্তের খোঁজে আসছেন রুগীর পরিজন। আমাদের খারাপ লাগলেও আমরা নিরুপায়।

তবে সমাজমাধ্যমে বারংবার শিবিরের আবেদন করে প্রচার করার ফলে কিছু বন্ধুরা এগিয়ে আসছেন কিছু কিছু শিবির হচ্ছে।

আজ বিভাস-পৌলবী লালনের জন্মদিনে শিবির করায় অনেকে উপকৃত হবেন।

বিভাস-পৌলবীর বক্তব্য, বন্ধুদের সহযোগিতায় এই শিবির করে মানুষের পাশে দাঁড়াতে পেরে আমরা আপ্ত।